

প্রেস বিজ্ঞপ্তি

স্থানীয় কৃষকদের মাঝে ধান ও সবজির চারা বিতরণ করেন নোবিপ্রবি উপাচার্য

বন্যা আক্রান্ত স্থানীয় কৃষকদের মাঝে ধান ও সবজির চারা বিতরণ করেন নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। বৃহস্পতিবার (৩ অক্টোবর ২০২৪) বিশ্ববিদ্যালয়ের ভিআইপি গেস্ট হাউজের সামনে নোবিপ্রবি কৃষি বিভাগ আয়োজিত এক অনুষ্ঠানের মাধ্যমে তিনি এ কার্যক্রমের উদ্বোধন করেন। এসময় নোবিপ্রবি কৃষি বিভাগের চেয়ারম্যান ও অধ্যাপক ড. মো. আতিকুর রহমান ভূঞা, বিভাগের অধ্যাপক ড. গাজী মো. মহসিনসহ অন্যান্য শিক্ষকবৃন্দ ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

প্রসঙ্গত, নোবিপ্রবি কৃষি বিভাগের শিক্ষক-শিক্ষার্থীরা ধান ও সবজির চারা বিশ্ববিদ্যালয়ের কৃষি গবেষণার সংরক্ষিত জমিতে উৎপাদন করে। উদ্বোধনের পর শুক্রবার সন্ধ্যা পর্যন্ত ১২০ জন কৃষকের মাঝে ধান ও প্রায় আট হাজার সবজির চারা বিতরণ কার্যক্রম চলে।



ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা ০১৭৩৩৯৯৮৮৯৪